

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৬৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة) পরিচ্ছেদঃ ভীতিকালীন সময়ে চতুর্থ প্রকারের সালাত

ذِكْرُ النَّوْعِ الرَّابِعِ مِنْ صَلَاةِ الْخَوْفِ

আরবী

2867 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْن خُزَيْمَةَ مِنْ أَصِلْ كِتَابِهِ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ الْأَزْهَرِ وَكَتَبْتُهُ مِنْ أَصْلِهِ قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سَعْدِ قَالَ حَدَّثَنَا أَبِي عَنِ ابْن إِسْحَاقَ قَالَ: أَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ نَوْفَلِ _ وَكَانَ يَتِيمًا فِي حِجْرِ عُرْوَةِ بْنِ الزُّبَيْرِ _ عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ قَالَ: سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ وَمَرْوَانُ بْنُ الْحَكَم يَسْأَلُهُ عَنْ صَلَاةِ الْخَوْف فَقَالَ أَبُو هُرَيْرَةَ: كُنْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي تِلْكَ الْغَزَاةِ قَالَ: فَصِدَعَ رَسُولُ اللَّهِ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّاسَ صِدْعَيْنِ قَامَتْ مَعَهُ طَائِفَةٌ وَطَائِفَةٌ أُخْرَى مِمَّا يَلِي الْعَدُقَّ وَظُهُورُهُمْ إِلَى الْقِبْلَةِ فَكَبَّرَ رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَبَّرُوا جَمِيعًا الَّذينَ مَعَهُ وَالَّذينَ يُقَاتِلُونَ الْعَدُقَّ ثُمَّ رَكَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَةً وَاحِدَةً فَرَكَعَ مَعَهُ الطَّائِفَةُ الَّتِي تَلِيهِ ثُمَّ سَجَدَ وَسَجَدَت الطَّائِفَةُ الَّتِي تَلِيهِ وَالْآخَرُونَ قِيَامٌ مُقَابِلِي الْعَدُقِ ثُمَّ قَامَ رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَخَذْت الطَّائِفَةُ الَّتِي صَلَّتْ مَعَهُ أَسْلِحَتَهُمْ ثُمَّ مَشَوَا الْقَهْقَرَى عَلَى أَدْبَارِهِمْ حَتَّى قَامُوا مِمَّا يَلِي الْعَدُقَّ وَأَقْبَلَتِ الطَّائِفَةُ الَّتِي كَانَتْ مُقَابَلَةَ الْعَدُقِ فَرَكَعُوا وَسَجَدُوا ـ وَرَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَائِمٌ كَمَا هُوَ ـ ثُمَّ قَامُوا فَرَكَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَةً أُخْرَى فَرَكَعُوا مَعَهُ وَسَجَدَ وَسَجَدُوا مَعَهُ ثُمَّ أَقْبَلَت الطَّائِفَةُ الَّتِي كَانَتْ تُقَابِلُ العدو فركعوا وسجدوا ـ وَرَسُولُ اللَّهِ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَاعِدٌ وَمَنْ مَعَهُ ـ ثُمَّ كَانَ السَّلَامُ فسلَّم رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّم وسلَّموا جَمِيعًا فَقَامَ الْقَوْمُ وَقَدْ شَرَكُوهُ في الصلاة.

الراوي: جَابِر بْن عَبْدِ اللَّهِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر:



التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2867 اخلاصة حكم المحدث: حسن صحيح - ((صحيح أبي داود)) (1129).

বাংলা

২৮৬৭. উরওয়া বিন যুবাইর (রহ.) থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি আবু হুরাইরা ও মারওয়ান বিন হাকাম রাদিয়াল্লাহু আনহুমাকে ভীতিকালীন সালাত সম্পর্কে জিজ্ঞেস করলে, আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু বলেন, ''আমি রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে সেই যুদ্ধে ছিলাম। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের দুই দলে ভাগ করেন। একদল তাঁর সাথে দাঁড়ান আরেক দল শক্রর কাছে থাকে। এসময় তাদের পৃষ্ঠদেশ কিবলার দিকে ছিল। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকবীর দিলে তারাও তাকবীর দেন; যারা তাঁর সাথে ছিলেন এবং যারা শত্রুর মুখোমুখী ছিলেন সবাই। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক রুকু করেন, কাছের কাতারের সাহাবীগণও তাঁর সাথে রুকু করেন। তারপর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাজদা করেন, কাছের কাতারের সাহাবীগণও তাঁর সাথে সাজদা করেন। অপর কাতারের সাহাবীগণ শত্রুর মুখোমুখী দাঁড়িয়ে থাকেন। তারপর রাসূল সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম দাঁড়ান। যারা তাঁর সাথে সালাত আদায় করেছেন, তারা অস্ত্র গ্রহণ করেন। তারপর তারা পিছু হটেন। অতঃপর তারা শত্রুর কাছাকাছি দলের জায়গায় দাঁড়ান। আর যারা শত্রুর মুখোমুখী ছিলেন, তারা সামনে আগমন করেন। তারা এসে রুকুণ ও সাজদা করেন। আর রাসুল যেভাবে দাঁড়িয়ে ছিলেন, সেভাবে দাঁড়িয়েই থাকেন। তারপর তারা দাঁড়ান। এসময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরেক রুকু' করেন, তারাও তাঁর সাথে রুকু' করেন। তিনি সাজদা করলে, তারাও তাঁর সাথে সাজদা করেন। তারপর শত্রুর মুখোমুখী দল সামনে আসেন এবং তারা রুকূ' ও সাজদা করেন। আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সাহাবীগণ বসেই থাকেন। তারপর সালাম ফেরানোর সময় হয়। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাম ফেরান। তাঁর সাথে সবাই সালাম ফেরান। আর লোকজন উঠে যায়। সাহাবীদের প্রত্যেকেই তাঁর সাথে সালাতে শরীক হন।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৬২; আবূ দাউদ: ১২৪১; মুসনাদ আহমাদ: ২/৩২০; নাসাঈ: ৩/১৭৩; তাহাবী: ১/৩১৪; হাকিম: ১/৩৩৮-৩৩৯; সুনান বাইহাকী: ৩/২৬৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১২৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উরওয়াহ বিন যুবাইর (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন